ভোরের কাগজ

FEB. 05 2002

# ছাত্রলীগের জাতীয় সম্মেলন ৭ এপ্রিল

কাগজ প্রতিবেদক : ছাত্রলীগের ২৫তম জাতীয় সম্মেলন আগামী ৭ এপ্রিল রোববার অনুষ্ঠিত হবে। এ সম্মেলন থেকেই ছাত্রলীগের নতুন কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হবে।

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন চত্বরে অনুষ্ঠেয় সম্মেলন উদ্বোধন করবেন আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা।

কেন্দ্রীয় কার্যালয়ের সভাকক্ষে গতকাল বিকালে এক সংবাদ সম্মেলনে জাতীয় সম্মেলনের এই কর্মসূচি ঘোষণা করা হয়। ছাত্রলীগের সভাপতি বাহাদুর বেপারী, সাধারণ সম্পাদক অজয় কর খোকনসহ ছাত্রলীগ নেতৃবৃন্দের মধ্যে আরো উপস্থিত ছিলেন. লিয়াকত শিকদার, বলরাম পোদ্দার, ফরহাদ হোসেন সংগ্রাম, সুজিৎ রায় নন্দী, আবদুল মতিন প্রমুখ।

সংবাদ সম্মেলনে বাহাদুর বেপারী বলেন, শিক্ষার কোনো বিকল্প নেই। এজন্য ছাত্রদের আধুনিক শিক্ষায় শিক্ষিত হতে হবে। সম্মেলন প্রসঙ্গে তিনি বলেন, আগামী সম্মেলনে কিছু দীর্ঘ ও কিছু স্বল্পমেয়াদি পরিকল্পনা নেওয়া হবে। কেন্দ্রীয় সম্মেলনের আগেই ছাত্রলীগের ৮২টি ইউনিটের মধ্যে যেসব ইউনিটের নতুন কমিটি হয়নি, তা গঠন করা হবে। উল্লেখ্য, ছাত্রলীগের ৮২টি ইউনিটের মধ্যে গত ৪ বছরে ৩৫টি ইউনিটের নতুন কমিটি গঠন করা হয়েছে। বাকি ৪৭টি ইউনিট এখনো পুরোনো কমিটিতেই চলছে।

এ প্রসঙ্গে সংগঠনের সাধারণ সম্পাদক অজয় কর খোকন বলেন, স্থানীয় ইউনিটগুলোর নতুন কমিটি গঠনে ছাত্রলীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দদের মধ্য থেকে ছোট ছোট দল গঠন করা হবে। যারা দেশের বিভিন্ন অঞ্চলের প্রতিকূলতা মোকাবিলা করে নতুন কমিটি গঠন করবে।

ছাত্রলীগ নেতৃবৃন্দ সরকারের বিভিন্ন কর্মকাণ্ডের সমালোচনা করে বলেন, জোট সরকার যেভাবে মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃত করছে, সেজন্য তাদের বিরুদ্ধে দুর্বার আন্দোলন গড়ে তোলা হবে। বঙ্গবন্ধুর নাম মুছে ফেলার চক্রান্ত হচ্ছে। মুক্তিযুদ্ধের নতুন নেতা তৈরি করা হচ্ছে।